গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৩৭/০৭-৬২২৫৪ তারিখ: ২৭.০৯.২০২৫

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি সম্পর্কিত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ২৮/০৯/২০২৫ থেকে ২০/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

**ভর্তির যোগ্যতা:** ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ের সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে। গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। ঙ) কারাবন্দীগণ ও বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

**আবেদন প্রক্রিয়া:** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট থেকে বিস্তারিত জানা যাবে।

কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে প্রত্যেক বিষয়ের জন্য নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

**লালমাটিয়া সরকারি মহিলা কলেজের প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) বিষয়সমূহ ঃ**

১। বাংলা, ২। ইংরেজি, ৩। সমাজবিজ্ঞান, ৪। রাষ্ট্রবিজ্ঞান, ৫। অর্থনীতি, ৬। হিসাববিজ্ঞান ও ৭। ব্যবস্থাপনা।

**ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**

(ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
(খ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ও ১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙীন ছবি।
(গ) প্রিলিমিনারী টু মাস্টার্স প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
(ঘ) দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি (যা অনলাইন আবেদন করার সময় স্ক্যান করে আপলোড করা হয়েছে)।

২৭.০৯.২৫
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৩৮/০৭-৩২২৫৪ তারিখ: ২৯.০৯.২০২৫

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে শিক্ষার্থীদেরকে ভর্তির সময় পরিশোধ করতে হবে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফিসহ):**

| ক্রমিক নং | খাতের নাম | এমএ/এমএসএস/এমবিএ |
|---|---|---|
| ১. | ভর্তি ফি | ৩০/- |
| ২. | বিশ্ববিদ্যালয় ফি (রেজিস্ট্রেশন ফি-১২০০, ক্রীড়া ও সংস্কৃতি ফি-৫০, বিএনসিসি ফি-১০, রোভার স্কাউট ফি-১০) | ১২৭০/- |
| ৩. | ধর্মীয় অনুষ্ঠান ফি | ৩০/- |
| ৪. | সাহিত্য, সংস্কৃতি, বিতর্ক প্রতিযোগিতা এবং দিবস উদযাপন ফি | ৫০/- |
| ৫. | ক্রীড়া ফি | ৫০/- |
| ৬. | কমনরুম ফি | ৪০/- |
| ৭. | ম্যাগাজিন ফি | ৩০/- |
| ৮. | রোভার স্কাউট ফি (কলেজ) | ১৬/- |
| ৯. | বিএনসিসি | ৬০/- |
| ১০. | রেঞ্জার ফি (কলেজ) | ৪০/- |
| ১১. | রেড ক্রিসেন্ট ফি | ২০/- |
| ১২. | পরিচয় পত্র ফি | ৫০/- |
| ১৩. | উন্নয়ন তহবিল ফি | ১০০/- |
| ১৪. | লাইব্রেরী ফি | ২৫/- |
| ১৫. | ধর্মীয় প্রতিষ্ঠান ফি | ৫০/- |
| ১৬. | অধিভুক্তি ফি | ৫০/- |
| ১৭. | কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি | ২৫/- |
| ১৮. | নিরাপত্তা/নৈশপ্রহরী/পরিচ্ছন্নতা কর্মী/অত্যাবশ্যকীয় কর্মচারী | ২০০০/- |
| ১৯. | চিকিৎসা সেবা | ২০/- |
| ২০. | শিক্ষা সফর | ১২০/- |
| ২১. | ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| ২২. | বিবিধ | ১০০/- |
| ২৩. | ইনকোর্স পরীক্ষা ফি (২টি) | ৮০০/- |
| ২৪. | প্রাথমিক আবেদন ফি (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) | ৫৫০/- |
| | মোট | ৫,৫৭৬/- |

২৯.০৯.২৫

অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা।

২৯/০৯/২৫